**Office of the Registrar**
**Jatiya Kabi Kazi Nazrul Islam University**
Trishal, Mymensingh-2224, Bangladesh
Phone: 02-996676404, PABX: 210

**রেজিস্ট্রারের কার্যালয়**
**জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়**
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪, PABX: ২১০

সূত্র নং -জাককানইবি/রেজি:/প্রক্টর/৬৭/০৭/৮০২৩

তারিখ: ১৯/০৭/২০২৬ খ্রি:

## জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে বিভিন্ন ফেসবুক পেইজ এর অযাচিত ও অপব্যবহার এর ফলে কিছু অনাকঙ্খিত ঘটনা পরিলক্ষিত হচ্ছে। গত ১১/০৭/২০২৬ তারিখে "৪র্থ আন্তর্জাতিক নাট্যোৎসব-২০২৬" এর প্রস্তুতিমূলক কাজ চলাকালীন ক্যাম্পাসের বাহির থেকে আগত কয়েকজন (৬ জন) ছেলে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্রীর গোপনে জুম করে ভিডিও ধারণ করে। ঘটনাস্থলে উপস্থিত শিক্ষার্থীরা বিষয়টি জানতে চাইলে তারা তাদের ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করে এবং পরবর্তীতে তদন্ত কেন্দ্র থেকে মুক্তি পায়। বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক ফোরামের একজন সদস্য উক্ত ক্ষমা চাওয়ার ঘটনাটির ভিডিও ধারণ করে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করে। পরবর্তীতে বিষয়টি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ ও বহিঃস্থ বিভিন্ন ফেইসবুক পেইজসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে এবং বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও পরিবেশনা বিদ্যা বিভাগের একজন ছাত্রীর ছবিসহ পোস্ট করায় তিনি সাইবার বুলিং এর কারণে ব্যক্তিগত ও সামাজিকভাবে হেয়প্রতিপন্ন হন। বিশ্ববিদ্যালয় সাংবাদিক ফোরামের অসতর্কতামূলক পোস্ট প্রদান এবং প্রশাসনের পক্ষ থেকে পোস্টটি অপসারণের জন্য বলা হলেও অহেতুক বিলম্বের কারণে বিষয়টি গুরুতর আকার ধারণ করে যার জন্য উক্ত সংগঠনটি অনেকাংশে দায়ী।

**বর্ণিত বিষয়ের আলোকে শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে সাইবার বুলিং বন্ধকরণসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত ও একাডেমিক/প্রশাসনিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত "জাককানইবি সাংবাদিক ফোরামের" কার্যক্রম স্থগিত ঘোষণা করা হলো।** এ বিষয়ে অধিকতর তদন্তের স্বার্থে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে বিষয়টি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১৯/০৭/২৬

**(খন্দকার নাজমুল হাসান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। ট্রেজারার/পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাককানইবি।
০২। প্রক্টর, জাককানইবি।
০৩। পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), জাককানইবি।
০৪। সভাপতি (আইসিটি সেল), জাককানইবি।
০৫। সহ: পরিচালক (অর্থ ও হিসাব), পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি।
০৬। আইসিটি সেল, জাককানইবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।
০৭। সভাপতি/আহবায়ক, সাংবাদিক ফোরাম, জাককানইবি।
০৮। অফিস কপি, জাককানইবি।

১৯/০৭/২৬

(মো. আমিনুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।